দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 19 MAY 1989
পৃষ্ঠা 1 কলাম 1

13

# উচ্চ শিক্ষার মানোন্নয়নে পরামর্শ কমিটি গঠন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ৬৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী দেশের উচ্চতর শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে কমিশনকে উচ্চ শিক্ষা বিষয়ে পরামর্শদানের জন্য কমিশনের চেয়ারম্যান জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসানের সভাপতিত্বে একটি কমিটি গঠন করা হয়েছে। শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

## উচ্চ শিক্ষার

প্রথম পৃষ্ঠার পর

কমিটির অন্যান্য সদস্য হলেনঃ অধ্যাপক এম শামসুল হক, সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন; অধ্যাপক মোশাররফ হোসেন খান, উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়; ডঃ আসাদুর রহমান, উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়; অধ্যাপক নূরুল ইসলাম, জাতীয় অধ্যাপক; অধ্যাপক মোহাম্মদ মনীরুজ্জামান, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; অধ্যাপক শমশের আলী, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সচিব শহীদুল্লাহ হলেন কমিটির সদস্য সচিব। এ কমিটি উচ্চ শিক্ষা, বিশেষ করে বিশ্ববিদ্যালয় শিক্ষার বিভিন্ন বিষয়ের পাঠ্যক্রম আধুনিকীকরণ, উচ্চ শিক্ষা পর্যায়ে জাতীয় সেমিনার অনুষ্ঠান, পরীক্ষা পদ্ধতি, উচ্চ শিক্ষার মান, উচ্চ শিক্ষার সম্প্রসারণ ইত্যাদি বিষয়ে কমিশনকে সহায়তা প্রদান করবে। খবর বিজ্ঞপ্তির।